দৈনিক ইত্তেফাক

তারিখ ... 15 NOV 1990 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

119

## ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলিতেছে

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা বিশ্ববিদ্যালয় দীর্ঘ ১ মাস ২ দিন বন্ধ থাকার পর সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী আজ (বৃহস্পতিবার) খুলিয়া দেওয়া

(১১শ পৃঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

হইতেছে। ইহার আগেই অবশ্য গত ১১ই নভেম্বর হইতে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সর্বদলীয় ছাত্র ঐক্যের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ে ক্লাস হইতেছে।

সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী গতকাল (বুধবার) বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়া হয়। রাত্রি পর্যন্ত বিভিন্ন হলে অল্প সংখ্যক ছাত্র-ছাত্রী ফিরিয়া আসিয়াছে।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান মিঞা এক বিবৃতিতে ডাকসু, ছাত্র সংগঠনসমূহ ও ছাত্র সংসদগুলির প্রতি যাহাতে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে শিক্ষার স্বাভাবিক জীবনে বাহিরের হস্তক্ষেপের কোন অজুহাত সৃষ্টি না হয় এবং অঘটনের কোন ঘটনা না ঘটে সেইদিকে লক্ষ্য রাখার আহ্বান জানান। তিনি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্যও সকল মহলের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, "হঠাৎ করিয়া বিশ্ববিদ্যালয় বন্ধ হইয়া যাওয়ার ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক কর্মচারী, অভিভাবক সকলে হতাশাগ্রস্ত হইয়া পড়িয়াছিলেন। দেশবাসীর উদ্বেগও নানাভাবে প্রকাশ পাইয়াছে। সকলেই অত্যন্ত অধীর হইয়া অপেক্ষা করিতেছিলেন— বিশ্ববিদ্যালয় আবার কবে খুলিবে। মাসাধিককাল বন্ধ থাকায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবনের যে ক্ষতি হইয়াছে কোন পরিসংখ্যান দিয়া তাহার মূল্যায়ন করা যাইবে না। সেশন জট দূর করার যে চেষ্টা নেওয়া হইয়াছিল অন্যান্য ক্ষতির সহিত সেইক্ষেত্রেও আমরা আবার পিছাইয়া গেলাম। তবু আমাদেরকে কোন অবস্থাতেই হতাশ হইলে চলিবে না। আমরা বিশ্বাস করি যে, অতীতের মত আগামীতেও সমস্ত প্রতিবন্ধকতা পার হইয়া আগাইয়া যাইতে পারিব। এখনও আমরা বলিতে চাই, বিশ্ববিদ্যালয় প্রশাসন সমস্ত সমস্যা সততা, আন্তরিকতা ও নিরপেক্ষতার সহিত মোকাবিলা করিতে ইচ্ছুক।"